

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)
প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং- ১৯৫-আইন/২০২৫/১৭/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, ২৯ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৬৩-আইন/২০২৪/১৫/কাস্টমস এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত প্রজ্ঞাপনের-

(ক) TABLE-1 এর কলাম (1) এ উল্লিখিত Heading 72.17 এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্টিসমূহের পর নিম্নবর্ণিত Heading 72.25 ও 72.26 এবং উহাদের বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্টিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

72.25	7225.19.00	Non grain silicon sheet”;
72.26	7226.19.00	

(খ) TABLE-2 এর পরিবর্তে নিম্নরূপ TABLE-2 প্রতিস্থাপিত হইবে, যথা:-

“TABLE-2

Heading (1)	H.S. Code (2)	Description (3)
72.09	7209.18.00	Cold-rolled sheet Of a thickness of less than 0.5 mm
72.11	7211.19.00 7211.29.90	HR Coil sheet
72.27	7227.90.10	MS Shaft (Dia: 5mm to 25mm)
73.18	7318.22.00	Metal Washer
85.03	8503.00.92	Blank stator”;

(গ) শর্তাবলির শর্ত (২) এর দফা (iii) এর পরিবর্তে নিম্নরূপ দফা (iii) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(iii) Casing তৈরির জন্য:

(ক) casing heater machine (surface treatment) / shot blasting machine/ coating machine;

- (খ) Bush fitting machine; এবং
(গ) Die casting machine/press machine;”।

২। এই প্রজ্ঞাপন ২ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।